ঘ. উদ্দীপকে বর্ণিত ব্যক্তির জীবনীর আলোকে আমি বলতে পারি গণতান্ত্রিক সমাজ ব্যবস্থায় একজন শাসকের বৈশিষ্ট্য হবে ন্যায়পরায়ণতা, ধর্মপরায়ণতা, সাম্য–মৈত্রী, ভ্রাতৃত্ব এবং সকলের ন্যায্য অধিকার প্রতিষ্ঠা করা।

হযরত উমর ইবনে আব্দুল আজিজ (র) গণতান্ত্রিক উপায়ে খলিফা নির্বাচিত হন। উমাইয়া বংশের লোকজন রাষ্ট্রীয় ৰমতার প্রভাবে রাষ্ট্র ও জনসাধারণের যে সকল সম্পদ দখল করে রেখেছিল তিনি তা রাষ্ট্রীয় কোষাগারে এবং যথাযথ মালিকের কাছ ফেরত দেওয়ার ব্যবস্থা করেন। এমনকি তাঁর স্বীয় স্ত্রীর সম্পত্তি, উপঢৌকনসামগ্রী, গহনাদি রাষ্ট্রীয় কোষাগারে বা বাইতুল মালে জমা দেন। রাষ্ট্রীয় সকল ৰেত্রে খোলাফায়ে রাশেদিনের আদর্শ বাস্তবায়ন করেন। তিনি সর্বজনীন মানবতাবোধে উদ্বুদ্ধ হয়ে নিরপেৰ শাসননীতি প্রণয়ন করেন। রাষ্ট্রে সুখশান্তি, সমৃদ্ধি ও নিরাপত্তা বিধানের জন্য পূর্ববর্তী উমাইয়া খলিফাদের সাম্রাজ্যবাদী ও স্বার্থান্বেষী নীতি সম্পূর্ণরূ পে বর্জন করেন। রাষ্ট্রে ন্যায়পরায়ণতা, ধর্মপরায়ণতা, সাম্যের ধারণা ও সকল জনগণের মৌলিক অধিকার প্রতিষ্ঠা করেন। এ কারণে তাঁকে 'উমাইয়া সাধু' (Umayyad Saint) বলা হয়। কাজেই আমি মনে করি যে, গণতান্ত্রিক সমাজ ব্যবস্থায় শাসকের নীতি হবে ন্যায়পরায়নতা, ধর্মপরায়নতা, সাম্য–মৈত্রী, ভ্রাতৃত্ব, সর্বোপরি সকলের ন্যায্য অধিকার প্রতিষ্ঠা করা।

প্রশ্ন –৪ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

সায়মা চেয়ারম্যান সাব্বির সাহেবের বাড়ির একজন গৃহপরিচারিকা। সে সারাদিন তার গৃহিণীর নির্দেশ মোতাবেক অমানবিক পরিশ্রম করে। তাই প্রায় রাতেই সায়মা জেগে জেগে ইবাদত বন্দেগী করে ও মোনাজাত করে আলৱাহর কাছে চেয়ারম্যানের গৃহিণীর নির্যাতন থেকে বাঁচার প্রার্থনা করে। জনাব সাব্বির অত্যন্ত বিনয়ী ও নম্র প্রকৃতির মানুষ। প্রায়ই আলৱাহর ভয়ে ক্রন্দন করেন এবং সম্পদশালী হয়েও অত্যন্ত সহজ–সরল ও অনাড়ম্বর জীবনযাপন করেন।

ক. কাদেরকে প্রাচীনকালে 'ফিরআউন' বলা হতো? ১

খ. মু'জিজা বলতে কী বুঝ? ২

গ. কোন মহিয়সী নারীর জীবনের সাথে সায়মার জীবনের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব সাব্বিরের উক্ত জীবনাচরণকে হযরত উমর ইবনে আব্দুল আজিজের জীবন চরিত্রের আলোকে মূল্যায়ন কর ৪

▸◂ ৪নং প্রশ্নের উত্তর ▸◂

ক. প্রাচীনকালে মিসরীয় বাদশাহদের ফিরআউন বলা হতো।

খ. মু'জিজা হলো অলৌকিক ৰমতা। অর্থাৎ নবুয়ত অস্বীকারকারীদের সাথে চ্যালেঞ্জ করার সময় নবুয়তপ্রাপ্ত কোনো ব্যক্তি হতে এমন অলৌকিক কাজ সংঘটিত হওয়া যার মোকাবিলা করতে অবিশ্বাসীরা অৰম তাকে মু'জিজা বলে।

মহান আলৱাহ তায়ালা নবি–রাসুলদের মু'জিজার ৰমতা দান করেছিলেন। তারা মানুষকে আলৱাহর দাওয়াত দেওয়ার জন্য মু'জিজা দেখাতেন।

গ. হযরত রাবেয়া বসরি (র)–এর জীবনের সাথে সায়মার জীবনের মিল রয়েছে।

দরিদ্র পিতার সন্তান রাবেয়া বসরি বাল্যবয়সেই তার পিতামাতাকে হারান। তখন তার বড় বোনেরা জীবন ও জীবিকার অন্বেষণে অন্যত্র চলে যান। এ সময়ে বসরায় দুর্ভিৰ দেখা দিলে তিনি ক্রীতদাসী হিসেবে বিক্রীত হন। তাঁর মনিব ছিল দুষ্ট প্রকৃতির। তাই তাঁকে দিয়ে অনেক কাজ করাত। রাবেয়া বসরি দিনের বেলায় কঠোর পরিশ্রম করতেন। তারপরও রাতের বেলায় বিনিদ্র থেকে শুধু আলৱাহর ইবাদত করতেন। এ মহীয়সী নারীর জীবনের প্রতিচ্ছবি ফুঠে উঠেছে উদ্দীপকের সায়মার জীবনে।

চেয়ারম্যান সাব্বির সাহেবের কাজের মেয়ে সায়মা প্রতিদিন কঠোর পরিশ্রম করে। তারপরও সায়মা সারারাত ইবাদত বন্দেগী করে এবং চেয়ারম্যানের গৃহিণীর নির্যাতন থেকে বাঁচার জন্য প্রার্থনা করে। উপরিউক্ত আলোচনার আলোকে বলা যায় যে, হযরত রাবেয়া বসরি (র)–এর জীবনের সাথে সায়মার জীবনের মিল রয়েছে।

ঘ. হযরত উমর ইবনে আব্দুল আজিজ (র)–এর জীবনচরিতের আলোকে উদ্দীপকের জনাব সাব্বিরের জীবনাচরণ মূল্যায়ন করা হলো।

ইসলামের পঞ্চম খলিফা হযরত উমর ইবনে আব্দুল আজিজ (র) একজন ন্যায়পরায়ণ শাসক ছিলেন। তিনি সর্বজনীন মানবতাবোধে উদ্বুদ্ধ হয়ে নিরপেৰ শাসননীতি প্রণয়ন করেন। তিনি সকল জনগণের মৌলিক অধিকার প্রতিষ্ঠা করেন। তিনি ছিলেন আলৱাহর নির্দেশ পালনকারী, বিনয়ী ও নম্র প্রকৃতির মানুষ। তাঁর অন্তরে এত আলৱাহভীতি ছিল যে, তিনি প্রায়ই আলৱাহর ভয়ে কাঁদতেন। খলিফা হয়েও তিনি অত্যন্ত সহজ–সরল ও অনাড়ম্বর জীবনযাপন করতেন। রাষ্ট্রীয় কোষাগার থেকে তিনি দৈনিক মাত্র দু'দিরহাম ভাতা গ্রহণ করতেন। এ মহান ব্যক্তির জীবনচরিত্রের প্রতিচ্ছবি ফুটে উঠেছে উদ্দীপকের চেয়ারম্যান সাব্বির সাহেবের জীবনাচরণে। জনাব সাব্বির অত্যন্ত বিনয়ী ও নম্রপ্রকৃতির মানুষ। প্রায়ই তিনি আলৱাহর ভয়ে ক্রন্দন করেন এবং সম্পদশালী হয়েও অত্যন্ত সহজ–সরল ও অনাড়ম্বর জীবনযাপন করেন।

উপরিউক্ত আলোচনার আলোকে বলা যায়, জনাব সাব্বির হযরত উমর ইবনে আব্দুল আজিজ (র)–এর মতো একজন আলৱাহভীরব, বিনয়ী ও নম্র প্রকৃতির মানুষ।

অনুশীলনমূলক কাজের আলোকে সৃজনশীল প্রশ্ন ও উত্তর

প্রশ্ন –৫ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

দনিয়া প্রগতি ক্লিনিকে শায়লা একটি বাচ্চা জন্ম দেন। অন্য একজন মহিলা বাচ্চাটি তার বলে দাবি করলে শায়লা ইউনিয়ন কাউন্সিলে বিচারপ্রার্থী হন। চেয়ারম্যান আলম বাদী–বিবাদী উভয়ের কথা শুনে রায় দেন– "বাচ্চাটিকে দুই টুকরা করে দুইজনকে দিয়ে দাও।" রায় শুনে শায়লা চিৎকার দিয়ে বলে আমি এ বাচ্চার দাবি ত্যাগ করলাম। বাচ্চাটি তাকে দিয়ে দিন। চেয়ারম্যান বাচ্চাটি শায়লার বুঝতে পেরে বাচ্চাটি তাকে দিয়ে বিবাদীকে মিথ্যা বলার দায়ে শাস্তি দেন।

ক. প্রাচীনকালে মিসরীয় বাদশাহদের কী বলা হতো? ১

খ. হযরত রাবেয়া বসরি (রা) কীভাবে জীবনযাপন করতেন? ২

গ. উদ্দীপকের বিচারকার্য কোন নবির ঘটনার প্রতিচ্ছবি? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত নবি (আ)–এর সূক্ষ্ম বিচার ৰমতা বালক বয়স থেকেই প্রমাণিত? ব্যাখ্যা কর। ৪

▶◀ ৫নং প্রশ্নের উত্তর ▶◀

ক. প্রাচীনকালে মিসরীয় বাদশাহদের ফিরআউন বলা হতো।

খ. হযরত রাবেয়া বসরি (র) সদাসর্বদা সহজ–সরল জীবনযাপন করতেন। তিনি উচ্চাভিলাষী ছিলেন না। তিনি সর্বদা নিজেকে খুব তুচ্ছ মনে করতেন। বেশি বেশি আলাহর নিকট ক্ষমা চাইতেন। সর্বদা আন্তরিকভাবে আলাহর নিকট তাওবা (অনুশোচনা) করতেন। তিনি বলতেন, 'মুখে মিথ্যা তাওবা করে কী লাভ যদি কাজে তা প্রমাণ পাওয়া না যায়। তিনি সর্বদা আলাহর একজন শোকরগুজার বান্দা ছিলেন। খেয়ে–না খেয়ে, দুঃখে–কষ্টে সর্বাবস্থায় তিনি আলাহর কৃতজ্ঞতা জ্ঞাপন করতেন।

গ. উদ্দীপকের ঘটনা হযরত সুলায়মান (আ)–এর সূক্ষ্ম বিচার কার্যের প্রতিচ্ছবি।

দুজন নারী একটি শিশুর মাতৃত্ব দাবি করল। এর মীমাংসা করার জন্য তারা হযরত দাউদ (আ)–এর নিকট এলে সেখানে হযরত সুলায়মান (আ)ও উপস্থিত ছিলেন। হযরত সুলায়মান (আ) বললেন, শিশু হলো একটি অথচ দাবিদার দুজন। তাহলে শিশুটি কেটে দুভাগ করে দুজনকে দিয়ে দেওয়া হোক। একথা বলে হযরত সুলায়মান (আ) একটি ছুরি হাতে নিলেন। শিশুটিকে মাটিতে শুইয়ে দুই ভাগ করার জন্য উদ্যত হলেন। তখনই একজন নারী কাঁদতে কাঁদতে বললেন, আলাহর দোহাই! শিশুটিকে কাটবেন না। আমি আমার দাবি ত্যাগ করলাম। শিশুটিকে জীবিত রাখুন এবং অপরজনকে দিয়ে দিন। হযরত সুলায়মান (আ) বুঝলেন, এ নারীই শিশুটির প্রকৃত মা। তখন তিনি তাকে শিশুটি দিয়ে দিলেন এবং অন্যজনকে মিথ্যা বলার দায়ে শাস্তি দিলেন। উদ্দীপকের বিচারকার্যেও এ ঘটনার অনুসরণ দেখা যায়।

ঘ. উদ্দীপকের নবি সুলায়মান (আ)–এর সূক্ষ্ম বিচার ৰমতা বালক বয়স থেকেই প্রমাণিত ছিল।

বালক বয়সে হযরত সুলায়মান (আ)–এর আরও একটি ঘটনা হলো– একদা দুজন লোক হযরত দাউদ (আ)–এর দরবারে উপস্থিত হয়ে বিচারপ্রার্থী হলো। তাদের একজন ছিল রাখাল অপরজন কৃষক। কৃষক তথা শস্যৰেতের মালিক ছাগল রাখালের বিরবদ্ধে অভিযোগ করল যে, রাখালের ছাগল রাতে ছাড়া পেয়ে তার সমস্ত ফসল বিনষ্ট করে ফেলেছে। সত্যতা যাচাই করার পর হযরত দাউদ (আ) রায় দিলেন যে, ছাগলের মালিক তার সমস্ত ছাগল শস্যৰেতের মালিককে অর্পণ করবক। মামলার বাদী–বিবাদী উভয়ে রায় শুনে দরবার হতে যাওয়ার পথে হযরত সুলায়মান (আ)–এর সাথে দেখা হলে তিনি সব শুনে বললেন– আমি রায় দিলে তা ভিন্ন হতো, উভয় পৰের উপকার হতো। হযরত সুলায়মান (আ) তার পিতার নিকট তা ব্যক্ত করার পর তার পিতা বললেন, এর চাইতে উত্তম রায় কী হতে পারে? হযরত সুলায়মান (আ) বললেন, আপনি সমস্ত ছাগল শস্যৰেতের মালিককে দিয়ে দিন। সে এগুলোর দুধ, পশম দ্বারা উপকৃত হোক। আর শস্যৰেত ছাগলের মালিকের নিকট অর্পণ করবন। সে তাতে চাষাবাদ করে শসন্য উৎপাদন করবে। যখন শস্যৰেত ছাগলে বিনষ্ট করার পূর্বাবস্থায় ফিরে যাবে তখন তা তার মালিককে বুঝিয়ে দেবে। হযরত দাউদ (আ) এ রায় পছন্দ করলেন এবং তা কার্যকর করতে বললেন।

অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

প্রশ্ন –৬ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

চেয়ারম্যান ইমান আলী একজন ন্যায়বিচারক হিসেবে এলাকায় পরিচিত। তিনি খুব সূক্ষ্মভাবে বিচারকার্য পরিচালনা করতেন। একদিন দুই মহিলা একটি শিশুর মাতৃত্বের দাবি নিয়ে তার নিকট বিচারপ্রার্থী হয়। তিনি অত্যন্ত বুদ্ধিমত্তা ও প্রজ্ঞার সাথে বিষয়টির নিষ্পত্তি করেন। অবশেষে তাঁর বিচারে বাদী বিবাদী উভয়ই খুশি হয়। (পাঠ–১)

ক. কতজন বাদশাহ সমগ্র পৃথিবীর শাসক ছিলেন? ১

খ. হযরত সুলায়মান (আ) বাতাসে ভর করে চলতেন ব্যাখ্যা কর? ২

গ. কোন বাদশাহ বিচারকার্যের সাথে চেয়ারম্যান ইমান আলীর বিচারকার্যের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'নবি হিসেবে উক্ত বাদশাহর বিশেষ মর্যাদা ছিল'– বিশেরষণ কর। ৪

▶◀ ৬নং প্রশ্নের উত্তর ▶◀

ক. চারজন বাদশাহ সমগ্র পৃথিবীর শাসক ছিলেন।

খ. খুব দ্রবত যাতায়াত করার জন্য মহান আলরাহ হযরত সুলায়মান (আ) কে বাতাসে ভর করে চলাচল করার ৰমতা দান করেছিলেন। তাঁর যখন যে স্থানে যাওয়ার প্রয়োজন হতো তিনি বাতাসকে আদেশ করলে বাতাস তাঁকে তাঁর বিশাল সিংহাসন ও লোকবলসহ মুহূর্তে সে স্থানে পৌঁছে দিত।

গ. বাদশাহ সুলায়মান (আ)–এর বিচারকার্যের সাথে চেয়ারম্যান ইমান আলীর বিচারকার্যের মিল রয়েছে।

আলরাহ তায়ালা হযরত সুলায়মান (আ)–কে খুব সূক্ষ্মভাবে বিচারকার্য পরিচালনা করার ৰমতা দিয়েছিলেন। একদা দুজন নারী একটি শিশুর মাতৃত্বের দাবি নিয়ে হযরত দাউদ (আ)–এর নিকট এলে সেখানে উপস্থিত হযরত সুলায়মান (আ) একটি ছুরি হাতে নিলেন। তখন একজন নারী কাঁদতে কাঁদতে বললেন, আলরাহর দোহাই! শিশুটিকে কাটবেন না। তাকে অপরজনকে দিয়ে দিন।

সুলায়মান (আ) বুঝলেন, এ নারীই শিশুটির প্রকৃত মা। তিনি তাকে শিশুটি দিয়ে দিলেন এবং অন্যজনকে মিথ্যা বলার দায়ে শাস্তি দিলেন। এভাবেই হযরত সুলায়মান (আ) প্রজার সাথে সূক্ষ্মভাবে বিচারকার্য পরিচালনা করতেন। উদ্দীপকের চেয়ারম্যান ইমান আলীও একজন ন্যায়বিচারক হিসেবে এলাকায় পরিচিত। একদিন তার নিকট দুই মহিলা একটি শিশুর মাতৃত্বের দাবি নিয়ে আসলে তিনি অত্যন্ত বুদ্ধিমত্তা ও প্রজ্ঞার সাথে বিষয়টির নিষ্পত্তি করেন। সুতরাং বলা যায়, বাদশাহ সুলায়মান (আ)–এর বিচার কার্যের সাথে উদ্দীপকের ইমান আলীর বিচারকার্য সাদৃশ্যপূর্ণ।

ঘ. 'নবি হিসেবে উক্ত বাদশাহর বিশেষ মর্যাদা ছিল'–উক্তিটি যথার্থ।

হযরত সুলায়মান (আ) আলৱাহর প্রসিদ্ধ নবি ছিলেন। যে চারজন বাদশাহ সমগ্র পৃথিবীর শাসক ছিলেন হযরত সুলায়মান (আ) তাঁদের অন্যতম। নবি হিসেবে তাঁর বিশেষ মর্যাদা ছিল। আলৱাহ তাঁকে পশু–পাখি, কীট–পতঙ্গ, জীব–জন্তু ও জিন–ইনসানের ভাষা বোঝার ৰমতা দিয়েছিলেন। তাঁর যখন যে স্থানে যাওয়ার প্রয়োজন হতো তিনি বাতাসকে আদেশ করলে বাতাস তাঁকে তাঁর বিশাল সিংহাসন ও লোকবলসহ মুহূর্তে সে স্থানে পৌঁছে দিত। তাছাড়া আলৱাহ তায়ালা জিনদের মধ্য হতে একদলকে হযরত সুলায়মান (আ)–এর অধীন করে দিয়েছিলেন। তারা হযরত সুলায়মান (আ)–এর জন্য সমুদ্র হতে মুক্তা সংগ্রহ করে আনত। তাঁর বিশাল সাম্রাজ্যে গোয়েন্দার কাজ করতে আলৱাহ তাঁকে 'হুদহুদ' নামক একটি পাখি দিয়েছিলেন। এসবই তাঁর বিশেষ মর্যাদার নিদর্শন।

প্রশ্ন –৭ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

ক্লাসে তানিয়া ও মুহসিনা বিভিন্ন বিষয় সম্পর্কে আলোচনা করছিল। কথা প্রসঙ্গে তানিয়া বলল, "বর্তমান বিশ্বে অনেক রাজা–বাদশাহ তাদের রাজত্বকে টিকিয়ে রাখার জন্য নির্বিচারে মানুষ হত্যা করছে। যেভাবে অনেক অনেক বছর আগে অসংখ্য ইসরাইলি পুত্রসন্তান মিসরীয় সেনাবাহিনীর হাতে নিহত হয়।" মুহসিনা বলে, "আমাদের ভুলে যাওয়া উচিত নয়, সীমালঙ্ঘনকারী অত্যাচারী অনেক ক্ষমতাবান বাদশাহকেও আল্লাহ ধ্বংস করেছেন"। (পাঠ–২)

ক. হযরত মুসা (আ) কার দুধপান করেছিলেন? ১

খ. ওয়ালিদ শিশুপুত্রদের হত্যার নির্দেশ দিয়েছিল কেন? ২

গ. তানিয়ার বক্তব্যে অনেক অনেক বছর আগের কোন অত্যাচারী বাদশাহর কর্মকান্ড ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. অনেক ৰমতাবান বাদশাহকেও আলৱাহ ধ্বংস করেছেন– উদ্দীপকের আলোকে বক্তব্যটি মূল্যায়ন কর। ৪

৭নং প্রশ্নের উত্তর

ক. হযরত মুসা (আ) তাঁর মায়ের দুধই পান করেছিলেন।

খ. মিসরের বাদশাহ ওয়ালিদের স্বপ্নের তাবির সম্পর্কে গণকরা জানাল–"ইসরাঈল বংশে এমন একটি শিশুসন্তান জন্মগ্রহণ করবে, যে তাঁর রাজত্বের ধ্বংসের কারণ হবে।" গণকদের থেকে নিজ স্বপ্নের এ ব্যাখ্যা শুনে ওয়ালিদ ইসরাঈল বংশে যত শিশুপুত্র জন্মগ্রহণ করবে, তাদের প্রত্যেককে হত্যার নির্দেশ দেন।

গ. তানিয়ার বক্তব্যে প্রাচীন মিসরীয় বাদশাহ 'ফিরআউন'–এর অত্যাচারী কর্মকান্ড ফুটে উঠেছে।

প্রাচীনকালে মিসরীয় বাদশাহদের 'ফিরআউন' বলা হতো। হযরত মুসা (আ)–এর সমসাময়িক ফিরআউনের নাম ছিল ওয়ালিদ ইবনে মুসআব। সে স্বপ্নে দেখে যে, 'বাইতুল মুকাদ্দাস থেকে এক ঝলক আগুন এসে মিসরকে গ্রাস করে ফেলেছে এবং তার অনুসারী 'কিবতি' সম্প্রদায়কে জ্বালিয়ে দিচ্ছে। কিন্তু বনি ইসরাঈলদের কোনো ৰতি করছেনা। ফিরআউন তার রাজ্যের সকল স্বপ্নবিশারদ থেকে একসাথে এ স্বপ্নের ব্যাখ্যা জানতে চায়। তারা বলল, ইসরাইল বংশে এমন এক পুত্র সন্তানের আগমন হবে, যে আপনাকে ও আপনার রাজত্বকে ধ্বংস করে দেবে। স্বপ্নের ব্যাখ্যা শুনে ফিরআউন ভীষণ উত্তেজিত হয়ে সেনাবাহিনীকে আদেশ দিল যে, বনি ইসরাঈল গোত্রে কোনো পুত্রসন্তান জন্মগ্রহণ করলে তাকে যেন হত্যা করা হয়। এভাবে অসংখ্য ইসরাঈলি পুত্রসন্তান ফিরআউনের সেনাবাহিনীর হাতে নিহত হয়। এ ঐতিহাসিক ঘটনার প্রতি ইঙ্গিত করেছে উদ্দীপকের তানিয়া।

ঘ. অনেক ৰমতাবান বাদশাহকেও আলৱাহ ধ্বংস করেছেন– উদ্দীপকের বক্তব্য থেকে সুস্পষ্ট যে, তারা সকলেই ছিলেন সীমালঙ্ঘনকারী ও অত্যাচারী।

পবিত্র কুরআনের বর্ণনা এবং ঐতিহাসিক বিবরণ থেকে জানা যায়, মিসরের বাদশাহ ওয়ালিদ ছিল পৃথিবীর ইতিহাসে সর্বকালের চরম সীমালঙ্ঘনকারী। কারণ, সেই একমাত্র বাদশাহ যে নিজেকে "মানুষের শ্রেষ্ঠতম প্রভু" বলে দাবি করেছে। মুসা (আ)–এর আবির্ভাবের নিদর্শন পেয়ে সে অগণিত নিষ্পাপ শিশু হত্যা করেছে। উদ্দীপকে তার ইঙ্গিত রয়েছে। অতঃপর মুসা (আ)–কে পরাস্ত করার জন্য সাপের যাদু দেখিয়েছে। কিন্তু মুসা (আ)–এর মুজিজার সামনে ফিরআউন সন্ত্রস্ত হয়ে পালিয়ে গেছে। আর তার যাদুকর বাহিনীও আত্মসমর্পণ করেছে।

একপর্যায়ে হযরত মুসা (আ)–এর জাতিকে আক্রমণ করার জন্য যখন নীলনদের দিকে ছুটে এসেছে, আলৱাহ তায়ালা তখন শুধুমাত্র মুসা ও তার বাহিনীর জন্য নীলনদে প্রশস্ত রাস্তা করে দিয়েছেন। মুসা (আ)–এর অনুসারীরা যখন নীলনদ পার হয়ে তীরে পৌঁছে গেছে, তখন ফিরআউন বাহিনী নীলনদের মাঝখানে এসেছে। এ অবস্থায় আলৱাহর হুকুমে ফিরাউন বাহিনীর সলিল সমাধি হয়। এভাবেই সীমালঙ্ঘনকারী ওয়ালিদ ধ্বংস হয়। প্রাচীন এ বাদশাহের পরিণতির প্রেৰিতেই উদ্দীপকে এ বক্তব্য উঠে এসেছে যে, সীমালঙ্ঘনকারী অত্যাচারী অনেক ৰমতাবান বাদশাহকে আলৱাহ পাক ধ্বংস করেছেন।

প্রশ্ন –৮ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

খুলনা জিলা স্কুলের ৮ম শ্রেণির শিৰার্থী আজিম ও টমাস। আজিম মুসলমান আর টমাস খ্রিস্টান। তারা প্রায়ই বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করে। টমাস বলল, "ঈসা (আ) আলৱাহর পুত্র, মারিয়াম আলৱাহর স্ত্রী। ঈসা (আ)–কে ইহুদিরা ক্রুশবিদ্ধ করে হত্যা করেছে।" একথা শুনে আজিম বলল, "তোমার কথা সঠিক নয়। হযরত ঈসা (আ.) –এর জন্ম আলৱাহর ৰমতার বহিঃপ্রকাশ।" (পাঠ–৩)

ক. পবিত্র কুরআনে কাকে 'কালিমাতুলৱাহ' ও 'রবহুলৱাহ' নামে অভিহিত করা হয়েছে? ১

খ. ইহুদিরা হযরত ঈসা (আ)–এর নিকট তাইতালানুস' নামক ব্যক্তিকে পাঠায় কেন? ২

গ. টমাসের বক্তব্য ইসলামের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. হযরত ঈসা (আ)–এর জন্ম সম্পর্কে আজিমের মন্তব্য যথার্থ– বিশেৱষণ কর। ৪

৮নং প্রশ্নের উত্তর

ক. পবিত্র কুরআনে হযরত ঈসা (আ)–কে 'কালিমাতুলৱাহ' ও 'রবহুলৱাহ' নামে অভিহিত করা হয়েছে।

খ. হযরত ঈসা (আ) ইহুদিদেরকে তাদের অপকর্ম করতে বাধা দিলে তারা তাঁর ওপর খুব বিৰুব্ধ হয় এবং তাঁকে অনেক কষ্ট দেয়।

পাশাপাশি হত্যার ষড়যন্ত্রও করে। এ হীন উদ্দেশ্যে তারা হযরত ঈসা (আ) –কে ঘর অবরোধ করে এবং তাঁকে হত্যা করার জন্য 'তাইতালানুস' নামক জনৈক নরাধমকে পাঠায়।

গ. ইসলামের দৃষ্টিতে টমাসের বক্তব্য সঠিক নয়; বরং এটি খ্রিস্টানদের ভ্রান্ত বিশ্বাস।
হযরত ঈসা (আ) আলৱাহর বান্দা এবং তাঁর রাসুল। তাঁকে আলৱাহর বিশেষ কুদরতে পিতা ব্যতীত সৃষ্টি করা হয়েছে। তিনি সারা জীবন তাওহিদ তথা আলৱাহর একত্ববাদ প্রচার করেছেন। কিন্তু তাঁর উম্মতেরা তাঁকে আলৱাহর পুত্র বলে প্রকাশ্যে শিরকে লিপ্ত হচ্ছে। যেমনটি প্রকাশ পেয়েছে উদ্দীপকে টমাসের বক্তব্যে। টমাস তার সহপাঠী আজিমের সাথে মত বিনিময়কালে বলেছে, "ঈসা (আ) আলৱাহর পুত্র, মারিয়াম আলৱাহর স্ত্রী। ঈসা (আ)–কে ইহুদিরা ক্রুশবিদ্ধ করে হত্যা করেছে।" টমাসের এ বক্তব্য ইসলামের সম্পূর্ণ পরিপন্থী।
সুতরাং আমরা বলতে পারি, ইসলামের আলোকে টমাসের বক্তব্য সঠিক নয়।

ঘ. 'হযরত ঈসা (আ)–এর জন্ম আলৱাহর ৰমতার বহিঃপ্রকাশ'– উদ্দীপকে আজিমের এ মন্তব্য যথার্থ।
হযরত ঈসা (আ) আলৱাহর বান্দা এবং তাঁর রাসুল। তাঁকে আলৱাহর বিশেষ কুদরতে পিতা ব্যতীত সৃষ্টি করা হয়েছে। অথচ খ্রিস্টানরা তাঁকে আলৱাহর পুত্র এবং তাঁর মাতা মারিয়াম (আ)–কে আলৱাহর স্ত্রী বলে মনে করে। তাদের এ বিশ্বাস ইসলামের দৃষ্টিতে সম্পূর্ণ ভ্রান্ত। সঙ্গত কারণে উদ্দীপকের টমাস ঈসা (আ)–কে 'আলৱাহর পুত্র' বলায় তার মুসলমান বন্ধু আজিম উপরিউক্ত মন্তব্য করে। প্রকৃতপৰে ঈসা (আ.) কেবলমাত্র আলৱাহর বান্দা ও রাসুল। তাঁর জন্ম আলৱাহর ৰমতার বহিঃপ্রকাশ মাত্র। আলৱাহ তায়ালা হযরত আদম (আ)–কে পিতামাতা ছাড়াই সৃষ্টি করেছেন। সুতরাং তাঁর জন্য হযরত ঈসা (আ)–কে শুধু পিতা ছাড়া সৃষ্টি করা মোটেও কঠিন ব্যাপার নয়। হযরত ঈসা (আ) কেবলমাত্র আলৱাহর বান্দা ও রাসুল। তাঁকে আলৱাহর পুত্র বলা প্রকাশ্য শিরক। সুতরাং আমরা হযরত ঈসা (আ)–কে আলৱাহর রাসুল হিসেবেই বিশ্বাস করব।

প্রশ্ন –৯ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :
আফসার সাহেব শিশুদের প্রতি সদয় আচরণ করেন। শিশুদের প্রতি তার আদর, স্নেহ, দয়া দেখে জনাব শিহাব এর কারণ জিজ্ঞেস করেন। আফসার সাহেব তখন সুনানে তিরমিজির একটি হাদিস তাকে শোনান। (পাঠ– ৪)

ক. আদর্শ কী? ১
খ. মানবজাতির জন্য সর্বশ্রেষ্ঠ আদর্শ কে? বুঝিয়ে বল। ২
গ. আফসার সাহেবের উলিৱখিত সুনানে তিরমিজির হাদিসটি বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে প্রমাণ কর, ব্যক্তিগত জীবনে আফসার সাহেব হযরত মুহাম্মদ (স) কে অনুসরণ করেন। ৪

▸◂ ৯নং প্রশ্নের উত্তর ▸◂

ক. জীবনের অনুকরণীয় ও অনুসরণীয় নিয়মনীতিকে আদর্শ বলা হয়।

খ. হযরত মুহাম্মদ (স.) হলেন মাবন জাতির জন্য সর্বশ্রেষ্ঠ আদর্শ। আলৱাহ তায়ালা বলেন–
لَقَدْ كَانَ لَكُمْ فِيْ رَسُوْلِ اللهِ اُسْوَةٌ حَسَنَةٌ
অর্থ : "নিশ্চয়ই আলৱাহর রাসুলের জীবনে রয়েছে তোমাদের জন্য উত্তম আদর্শ।" (সূরা আল–আহযাব, আয়াত–২১)
ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক, রাষ্ট্রীয় ও অর্থনৈতিক সকল দিক দিয়েই হযরত মুহাম্মদ (স.) আমাদের আদর্শ।

গ. আফসার সাহেবের উলিৱখিত সুনামে তিরমিজির হাদিসটি হলো–
لَيْسَ مِنَّا مَنْ لَّمْ يَرْحَمْ صَغِيْرَنَا
অর্থ : "যে আমাদের শিশুদের প্রতি দয়া করে না সে আমাদের দলভুক্ত নয়।"
উদ্দীপকে আফসার সাহেব শিশুদের প্রতি সদয় আচরণ করেন। তার আদর, স্নেহ ও দয়া দেখে জনাব শিহাবের জিজ্ঞাসার জবাবে স্বাভাবিকভাবেই তিনি শিশুদের প্রতি দয়া সংক্রান্ত হাদিস উলেৱখ করবেন। অর্থাৎ এৰেত্রে তিনি সুনামে তিরমিজির সংশিৱষ্ট এ হাদিসই উলেৱখ করবেন যে, হযরত মুহাম্মদ (স.) বলেছেন : لَيْسَ مِنَّا مَنْ لَّمْ يَرْحَمْ صَغِيْرَنَا অর্থ : "যে আমাদের শিশুদের প্রতি দয়া করে না সে আমাদের দলভুক্ত নয়।" (সুনানে তিরমিজি)

ঘ. আফসার সাহেব ব্যক্তিগতভাবে শিশুদের প্রতি সদয় আচরণ করেন। উদ্দীপকে তার এ গুণটির কারণ হিসেবে তিনি সুনামে তিরমিজির হাদিসের উলেৱখ করেন যা প্রমাণ করে তিনি ব্যক্তিগত জীবনে হযরত মুহাম্মদ (স) কে অনুসরণ করেন।
হযরত মুহাম্মদ (স.) ব্যক্তিগত জীবনে অত্যন্ত বিনয়ী, সদালাপী, হাস্যোজ্জ্বল ও দয়ালু ছিলেন। ধনী, দরিদ্র, ইয়াতিম, অসহায়, রাজা–প্রজা সকলের সাথে তার আচরণ ছিল অনুকরণীয়। তাঁর দয়া ও ভালোবাসা সকলের পাশাপাশি শিশুদের প্রতিও ফুটে ওঠে। তিনি শিশুদের প্রতি সদয় আচরণ করতেন। অন্যকেও তা করতে উৎসাহ দিয়েছেন।
উদ্দীপকের আফসার সাহেবের শিশুদের প্রতি আচরণ এবং জনাব শিহাবের সাথে আলাপ–চারিতা এ কথাই স্পষ্ট করে যে জনাব আফসারের ব্যক্তিগত জীবন মূলত হযরত মুহাম্মদ (স.)–এর অনুসরণ।

প্রশ্ন –১০ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :
সাবিহা ৮ম শ্রেণিতে পড়ে। সে খুব মেধাবী ছাত্রী হিসেবে পরিচিত। নিয়মিত নামায আদায় করে এবং কুরআন তিলাওয়াত করে। ইসলামি হুকুম–আহকাম মেনে চলে। একদিন ক্লাসে কিছু ছেলেমেয়ে তার প্রতিভায় ঈর্ষাকাতর হয়ে তার বিরুদ্ধে অপবাদ রটিয়ে দেয়। এতে সে ব্যথিত হয় এবং স্যারের কাছে বিষয়টি বলে। স্যার তাকে ইসলামের একজন মহীয়সী নারীর কাহিনী শোনান। যে মহীয়সী নারী মেধা, প্রতিভা ও ধৈর্য দ্বারা সবকিছু জয় করে নিয়েছিলেন। মানব ইতিহাসে তিনি নারীকুলের জন্য অনুকরণীয় আদর্শ। (পাঠ– ৫)

ক. সিদ্দিকা 'ও' 'হুমায়রা' কার উপাধি ছিল? ১
খ. সূরা নূরের ১১–২১ নম্বর আয়াতগুলো নাজিল হয় কেন? ২
গ. সাবিহার শিৰক ইসলামের কোন মহীয়সী নারীর কথা বলেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'মানব ইতিহাসে তিনি নারীকুলের জন্য অনুকরণীয় আদর্শ" –উক্তিটির তাৎপর্য বিশেৱষণ কর। ৪

▸◂ ১০নং প্রশ্নের উত্তর ▸◂

ক. উম্মুল মুমিনিন হযরত আয়িশা (রা)–এর উপাধি ছিল 'সিদ্দিকা' ও 'হুমায়রা'।

খ. ষষ্ঠ হিজরি সনে বনু মুস্তালিক যুদ্ধ থেকে ফেরার পথে হযরত আয়িশা (রা)–এর গলার হার হারিয়ে যায়। হারানো হার খুঁজতে গিয়ে তিনি কাফেলা থেকে পিছনে পড়ে যান। ফলে তাঁর ফিরতে দেরি হয়ে যায়। এ সুযোগে মুনাফিকরা তাঁর বিরবদ্ধে অপবাদ রটনা করল। এতে রাসুল (স) অত্যন্ত চিন্তিত হয়ে পড়েন।

অবশেষে হযরত আয়িশা (রা)–এর পবিত্রতা বর্ণনা করে সূরা নূরের ১১–২১নং আয়াতগুলো নাজিল হয়।

গ. সাবিহার শিৰক ইসলামের যে মহীয়সী নারীর কথা বলেছেন তিনি হলেন উম্মুল মুমিনিন হযরত আয়িশা (রা)।
হযরত আয়িশা (রা) ছিলেন হযরত মুহাম্মদ (স)–এর সর্বকনিষ্ঠা স্ত্রী। তিনি চারিত্রিক গুণাবলির দ্বারা সকলের কাছে গ্রহণযোগ্য হয়েছিলেন। তাঁর মধ্যে বহুগুণের সমন্বয় ঘটেছিল। তিনি ছিলেন অনন্য সুন্দরী, তীক্ষ্ণ মেধাশক্তি সম্পন্ন, সত্যের সাধক, আদর্শ স্বামী সেবিকা, জ্ঞান তাপস ও সদালাপী। এক কথায় মানবীয় চরিত্রের সকল গুণ তাঁর মধ্যে বিদ্যমান ছিল। মুনাফিক ও হিংসুকগণ তাঁর ওপর যখন অপবাদ দিয়েছিল তখন তিনি আলৱাহর ওপর নির্ভরশীল ছিলেন। ধৈর্যই তাঁকে স্থির–অবিচল রেখেছিল। উদ্দীপকের মেধাবী ছাত্রী সাবিহার প্রতিভায় ঈর্ষাকাতর হয়ে তার সহপাঠীরা অপবাদ রটালে তার শিৰক তাকে ইসলামের এ মহীয়সী নারীর কাহিনী শোনান। প্রকৃতপৰে সাবিহার শিৰক চেয়েছেন এ কাহিনী থেকে শিৰা গ্রহণ করে সাবিহা ধৈর্য সহকারে পরিস্থিতি মোকাবিলা করৰক এবং হযরত আয়িশা (রা)–এর জীবনাদর্শের আলোকে নিজের জীবন গড়ুক।

ঘ. মানব ইতিহাসে হযরত আয়িশা (রা) নারীকুলের জন্য অনুকরণীয় আদর্শ–এ উক্তিটি অত্যন্ত তাৎপর্যপূর্ণ।
হযরত আয়িশা (রা)–এর চরিত্র ও আদর্শ অতুলনীয়। তিনি তাঁর চারিত্রিক গুণাবলির দ্বারা সকলের কাছে গ্রহণযোগ্য হয়েছিলেন। তাঁর মধ্যে বহুগুণের সমন্বয় ঘটেছিল। তিনি ছিলেন অনন্য সুন্দরী, তীক্ষ্ণ মেধাশক্তি সম্পন্ন, সত্যের সাধক, আদর্শ স্বামী সেবিকা, জ্ঞানতাপস ও সদালাপী। এককথায় মানবীয় চরিত্রের সকল গুণ তাঁর মধ্যে বিদ্যমান ছিল। রাতের অধিকাংশ সময় তিনি ইবাদতে মশগুল থাকতেন। গরিব–অসহায়দের দান–সাদাকা করতে তিনি পছন্দ করতেন ও আনন্দ পেতেন। দানশীলতা, মিতব্যয়িতা, দয়া, পরোপকারিতা, ধর্মপরায়ণতাসহ সর্বপ্রকার গুণে তিনি গুণান্বিত ছিলেন। তিনি কঠোরভাবে পর্দা করতেন। মুনাফিক ও হিংসুকগণ তাঁর বিরবদ্ধে অপবাদ রটনা করলেও তিনি ধৈর্য হারাননি, বরং আলৱাহর ওপর আস্থা রেখে অটল ছিলেন। হযরত আয়িশা (রা)–এর এতসব গুণাবলির কারণে মহানবি (স) বলেন– 'নারী জাতির ওপর আয়িশা (রা)–এর মর্যাদা তেমন, যেমন খাদ্যসামগ্রীর ওপর সারিদের মর্যাদা।' উদ্দীপকে শিৰক এ মহীয়সী নারীর কাহিনী শোনান এবং বলেন, মানব ইতিহাসে হযরত আয়িশা (রা) নারীকুলের জন্য অনুকরণীয় আদর্শ।

প্রশ্ন –১১ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

দরিদ্র পিতামাতার একমাত্র সন্তান রাবুর জন্মের একবছর পরেই তার পিতা ইন্তিকাল করেন। এতে তার জীবন অতি কষ্টে কাটে। তাকে ধনী লোকের কাছে সাহায্য চাইতে বলা হলে সে বলে, 'আলৱাহ কী দরিদ্রকে তার দারিদ্রের কারণে ভুলে যাবেন?' জীবিকার তাগিদে সে এক দুষ্ট লোকের বাসায় কাজ নেয়। লোকটি তাকে দিয়ে অনেক কাজ করায় এবং সীমাহীন অত্যাচার করে। এরপরও রাবু সারারাত আলৱাহর ইবাদত করে কাটিয়ে দেয়। সে আন্তরিকভাবে তাওবা করে এবং আল্লাহর নিকট কৃতজ্ঞতা প্রকাশ করে। (পাঠ–৭)

ক. জন্মগ্রহণের রাতে কার পিতার ঘরে প্রদীপ জ্বালানোর মতো তৈলও ছিল না? ১

খ. পাখি ঠোঁটে করে পেঁয়াজ এনে দিয়েছিল কেন? ২

গ. রাবুর সাথে কোন মহীয়সী নারীর জীবনের মিল পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'আলৱাহ কি দরিদ্রকে তার দারিদ্রের কারণে ভুলে যাবেন?'–উদ্দীপকে রাবুর এ উক্তিটি প্রকৃতপৰে কার? প্রেৰাপট বিশেৱষণ কর। ৪

▸◂ ১১নং প্রশ্নের উত্তর ▸◂

ক. হযরত রাবেয়া বসরি (র)–এর জন্মগ্রহণের রাতে তার পিতার ঘরে প্রদীপ জ্বালানোর মতো তৈলও ছিল না।

খ. হযরত রাবেয়া বসরি (র)–এর অনেক আধ্যাত্মিক ৰমতা ছিল। একদা একটি হাঁড়িতে কিছু খাদ্যদ্রব্য রান্না করার সময় তার একটি পেঁয়াজের দরকার পড়ে। কিন্তু তার ঘরে কোনো পেঁয়াজ ছিল না। তখন একটি পাখি তার ঠোঁটে করে একটি পেঁয়াজ এনে তাঁর কাছে ফেলে দেয়।

গ. রাবুর সাথে যে মহীয়সী নারীর জীবনের মিল পাওয়া যায় তিনি হলেন হযরত রাবেয়া বসরি (র)।
হযরত রাবেয়া বসরি (র)–এর পিতা খুব দরিদ্র ছিলেন। বাল্য বয়সেই তার পিতামাতা ইন্তিকাল করেন। ফলে তাঁকে অতিকষ্টে দিনাতিপাত করতে হয়। তিনি ক্রীতদাসী হিসেবে বিক্রীত হন। তাঁর মনিব ছিল দুষ্ট প্রকৃতির। তাই তাঁকে দিয়ে অনেক কাজ করাত। রাবেয়া বসরি দিনের বেলায় কঠোর পরিশ্রম করতেন। তারপরও রাতে বিনিদ্র থেকে শুধু আলৱাহর ইবাদত করতেন। উদ্দীপকের রাবুও দরিদ্র পিতামাতার একমাত্র সন্তান। জন্মের এক বছর পর তার পিতা ইন্তিকাল করায় অতিকষ্টে তার জীবন কাটে। জীবিকার তাগিদে সে এক দুষ্ট লোকের বাসায় কাজ নেয়। লোকটি তাকে দিয়ে অনেক কাজ করায় এবং সীমাহীন অত্যাচার করে। এরপরও রাবু সারারাত আলৱাহর ইবাদত করে কৃতজ্ঞতা প্রকাশ করে।
উপরিউক্ত আলোচনায় বোঝা যায় তাপসী রাবেয়া বসরি (র)–এর জীবনের সাথে উদ্দীপকের রাবুর জীবনের মিল রয়েছে।

ঘ. 'আলৱাহ কি দরিদ্রকে তার দরিদ্রের কারণে ভুলে যাবেন'–উদ্দীপকে রাবুর এ উক্তিটি প্রকৃতপৰে তাপসী হযরত রাবেয়া বসরি (র)–এর।
ইসলামের ইতিহাসে নারীদের মধ্যে যারা মহান আলৱাহর নৈকট্যও সন্তুষ্টি অর্জন করেছেন তাদের মধ্যে হযরত রাবেয়া বসরি (র) অন্যতম। দরিদ্র পিতার সন্তান রাবেয়া বসরি (র) বাল্যবয়সেই পিতামাতাকে হারান। মালিক ইবনে দিনার নামে রাবেয়া বসরির পরিচিত এক লোক তাঁর আর্থিক অবস্থা দেখে বললেন, আপনি বললে আমি আমার এক ধনীবন্ধু থেকে আপনার জন্য সাহায্য আনতে পারি। রাবেয়া বললেন, হে মালিক! আমাকে এবং আপনার বন্ধুকে কি আলৱাহই রিযিক দেন না? মালিক বলল, হ্যাঁ। রাবেয়া বললেন, 'আলৱাহ কি দরিদ্রকে তার দারিদ্রের কারণে ভুলে যাবেন? এবং ধনীদেরকে তাদের ধনসম্পদের কারণে মনে রাখবেন?" মালিক বলল, না। তখন রাবেয়া বললেন, আলৱাহ যেহেতু আমার অবস্থা জানেন, তাই তাঁকে আমার আবার স্মরণ করানোর দরকার কী?
বস্তুত তাপসী রাবেয়া বসরি (র) আলৱাহর ওপর বেশি নির্ভরশীল ছিলেন। তাঁর আলোচ্য উক্তিটি সে কথাই প্রমাণ করে।

প্রশ্ন –১২ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

কাউয়াদি গ্রামের জনাব আব্দুল হামিদকে গ্রামবাসী ভোট দিয়ে ইউনিয়ন কাউন্সিলের চেয়ারম্যান নির্বাচিত করে। দায়িত্ব পাওয়ার পর তিনি জনকল্যাণমূলক কাজ করতে থাকেন। রাস্তাঘাট নির্মাণ, বিদ্যালয় প্রতিষ্ঠা ইত্যাদি জনকল্যাণমূলক কাজ করে তিনি সুনাম অর্জন করেন।

চেয়ারম্যান হয়েও তিনি অনাড়ম্বর জীবনযাপন করেন। দলমত নির্বিশেষে সব ধর্মের প্রতি তার বন্ধুত্বপূর্ণ ব্যবহার পরিলক্ষিত হয়।

[বগুড়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

ক. ইসলামের পঞ্চম খলিফা কে? ১

খ. হযরত উমর ইবনে আব্দুল আজিজ (র)–কে 'উমাইয়া সাধু' বলা হয় কেন? ২

গ. জনাব আব্দুল হামিদের কর্মকাণ্ডে কোন মনীষীর আদর্শ ফুটে উঠেছে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত মনীষীর কৃতিত্ব মূল্যায়ন কর। ৪

▸◂ ১২নং প্রশ্নের উত্তর ▸◂

ক. ইসলামের পঞ্চম খলিফা হযরত উমর ইবনে আব্দুল আজিজ (র)।

খ. হযরত উমর ইবনে আব্দুল আজিজ (র) রাষ্ট্রে ন্যায়পরায়ণতা, ধর্মপরায়ণতা, সাম্যের ধারণা ও সকল জনগণের মৌলিক অধিকার প্রতিষ্ঠা করেন। এ কারণে তাঁকে 'উমাইয়া সাধু' (Umayyad Saint) বলা হয়।

গ. জনাব আব্দুল হামিদের কর্মকাণ্ডে ইসলামের পঞ্চম খলিফা হযরত উমর ইবনে আব্দুল আজিজ (র)–এর আদর্শ ফুটে উঠেছে।

খলিফা উমর ইবনে আব্দুল আজিজ (র) ৰমতাসীন হয়ে 'মসজিদে নববি'র সংস্কার ও সৌন্দর্য বর্ধিত করেন। তিনি অসংখ্য ঘরবাড়ি, পয়ঃপ্রণালী ও রাস্তাঘাট নির্মাণ করেন। পিপাসার্ত মানুষের জন্য তিনি অনেক কূপ খনন করেন। মসজিদে নববির বাগানে একটি ঝর্ণা ও চৌবাচ্চা নির্মাণ করেন। সমগ্র এলাকায় বিশেষ করে মক্কা, মদিনা ও তায়েফের মাঝে চলাচলের জন্য সংযোগ সড়ক তৈরি করেন। এভাবে তিনি অনেক জনকল্যাণমূলক কাজ করেন। হযরত উমর ইবনে আব্দুল আজিজের (র) মতো উদ্দীপকের হামিদ চেয়ারম্যানও রাস্তাঘাট নির্মাণ এবং বিদ্যালয় প্রতিষ্ঠাসহ বিভিন্ন জনকল্যাণমূলক কাজ করে সুনাম অর্জন–করেছেন। সুতরাং বলা যায়, উদ্দীপকের আব্দুল হামিদের কর্মকাণ্ডে ফুটে উঠেছে ইসলামের পঞ্চম খলিফা হযরত উমর ইবনে আব্দুল আজিজের আদর্শ।

ঘ. উক্ত মনীষী তথা খলিফা উমর ইবনে আব্দুল আজিজ (র)–এর কৃতিত্ব বহুমুখী।

দ্বিতীয় উমর নামে খ্যাত হযরত উমর ইবনে আব্দুল আজিজ (র) রাষ্ট্র পরিচালনায় কুরআন–হাদিস ও খোলাফায়ে রাশেদিনের নীতি অনুসরণ করেছিলেন। তাই তাঁকে চার খলিফার পর ইসলামের পঞ্চম খলিফা বলা হয়।

তাঁর আমলে কৃষি ও ব্যবসা–বাণিজ্যের প্রভূত উন্নতি সাধিত হয়। তিনি মানুষের মাঝে পারস্পরিক বিরোধ দূর করে সাম্য ও সম্প্রীতির সমাজ প্রতিষ্ঠা করেন। তাঁর সময়ে জনসাধারণের আর্থিক অবস্থার এত বেশি উন্নতি হয়েছিল যে, যাকাত গ্রহণ করার মতো লোকও খুঁজে পাওয়া যেত না। তিনি ছিলেন একাধারে ফকিহ (ইমলামি আইনশাস্ত্রে বিশেষজ্ঞ), মুজতাহিদ (ইসলাম ধর্মজ্ঞানে সুপণ্ডিত) এবং কুরআন ও হাদিসের হাফিজ।

অধ্যায় সমন্বিত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

প্রশ্ন –১৩ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

ইসলাম একমাত্র ধর্ম যাতে নারী পুরবষের মধ্যে কোনো বৈষম্য না করে নারীকে দেওয়া হয়েছে সমমর্যাদা। তাছাড়াও নবি করিম (স.)–এর একটি হাদিসে পিতা অপেৰা মায়ের অধিকার বেশি উলেৱখ করা হয়েছে।

[চতুর্থ ও পঞ্চম অধ্যায়]

ক. খুলুকুন শব্দের বহুবচন কী? ১

খ. যাকাত কাকে বলে? ২

গ. উদ্দীপকে নির্দেশিত সমমর্যাদার বিষয়টি ইসলামের দৃষ্টিতে ব্যাখ্যা কর। ৩

ঘ. বিদায় হজের প্রদত্ত ভাষণের আলোকে উক্ত বিষয়টি পর্যালোচনা কর। ৪

▸◂ ১৩নং প্রশ্নের উত্তর ▸◂

ক. খুলুকুন শব্দের বহুবচন আখলাক।

খ. যাকাত আরবি শব্দ। এর আভিধানিক অর্থ বৃদ্ধি, পবিত্রতা, পরিচ্ছন্নতা ইত্যাদি। ইসলামি পরিভাষায় ধনী ব্যক্তিদের নিসাব পরিমাণ সম্পদ থাকলে নির্দিষ্ট অংশ গরিব অভাবী লোকদের মধ্যে বিতরণ করে দেওয়াকে যাকাত বলে।

গ. উদ্দীপকে নারীপুরবষের সমমর্যাদার বিষয়টি নির্দেশিত হয়েছে।

ইসলাম একমাত্র ধর্ম যাতে নারী পুরবষের মধ্যে কোনো বৈষম্য না করে নারীকে পুরবষের সমমর্যাদা দেওয়া হয়েছে। প্রাচীন আরব সমাজে কন্যাসন্তান জন্ম নিলে পিতামাতা অসন্তুষ্ট হতো। কোনো কোনো সম্প্রদায় কন্যাসন্তানকে জীবিত কবর দিত। ইসলামের আগমনের পর এ কুপ্রথা সম্পূর্ণ দূরীভূত হয় এবং সর্ববেত্রে নারীর যথাযোগ্য মর্যাদা প্রতিষ্ঠিত হয়।

উদ্দীপকের মধ্যে এ বিষয়টিই আলোচনা করা হয়েছে যে, ইসলামে নর ও নারী উভয়ের সমমর্যাদা স্বীকৃত। আলৱাহর সৃষ্টি হিসেবে নারী পুরবষ সমান মর্যাদার অধিকারী।

ঘ. মহানবি (স)–এর বিদায় হজের ভাষণে উক্ত বিষয় তথা নারীপুরবষের মর্যাদার প্রেৰিতে নারীর অধিকার গুরবত্বের সাথে ফুটে উঠেছে।

মহানবি (স) ৯ই জিলহজ আরাফাতের ময়দানে উপস্থিত জনতাকে উদ্দেশ্য করে উপদেশমূলক যে ভাষণ দান করেন তাই বিদায় হজের ভাষণ। এ ভাষণে অসংখ্য উপদেশের মধ্যে নারীর অধিকার সম্পর্কে আলোকপাত রয়েছে।

মহানবি (স)–এর বিদায় হজের ভাষণে রয়েছে– 'হে বিশ্বাসীগণ, স্ত্রীদের সাথে সদয় ব্যবহার করবে। তাদের ওপর তোমাদের যেমন অধিকার রয়েছে তেমনি তোমাদের ওপরও তাদের অধিকার রয়েছে।' তিনি আরও বলেন– "তোমরা নারীদের ব্যাপারে আলৱাহকে ভয় কর। কেননা তোমরা আলৱাহর সাথে অঙ্গীকারাবদ্ধ হয়ে তাদের গ্রহণ করেছ।" (মুসলিম)

এছাড়া বিদায় হজের ভাষণের আলোকে বলা যায়, ইসলাম নারীকে পিতা ও স্বামীর উভয়ের সম্পত্তির ওপর অধিকারিণী করেছে। প্রয়োজনীয় বিদ্যার্জন এবং অর্থ উপার্জনে ইসলাম নারীদের অনুমতি দান করেছে। সুতরাং নারীপুরবষের সমমর্যাদার যথার্থ পরিচয় এবং বিধান ইসলাম নিশ্চিত করে। বিদার হজের ভাষণে যা প্রতিফলিত।

প্রশ্ন –১৪ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

ইসলামের দৃষ্টিতে সকল মানুষ সমান। আলৱাহ ও রাসুলের প্রতি বিশ্বাস স্থাপন করার পর বিশ্বের সকল মুসলমান পরস্পরের ভাই। ইসলামি ভ্রাতৃত্ব

এতই সুদৃঢ় যে, আলৱাহর রাসুল (স) পৃথিবীর সকল ইমানদারগণকে একটি দেহের সাথে তুলনা করেছেন। এমনকি তিনি মক্কা হতে হিজরতকারী সাহাবীদের মদিনায় বসবাসকারী আনসারদের মধ্যে ভ্রাতৃত্ব বন্ধন করে দিয়েছিলেন। জন্মসূত্রে আবদ্ধ না হয়েও এমন ভ্রাতৃত্ববন্ধ মানব ইতিহাসে বিরল। *[চতুর্থ ও পঞ্চম অধ্যায়]*

ক. হযরত মহানবি (স)–এর সর্বকনিষ্ঠা স্ত্রীর নাম কী? ১

খ. ধৈর্য্য কাকে বলে? ২

গ. উদ্দীপকে কোন ধরনের ভ্রাতৃত্বের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "জন্মসূত্রে আবদ্ধ না হয়েও এমন ভ্রাতৃত্ব মানব ইতিহাসে বিরল।" উদ্দীপকের উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

▸◂ ১৪নং প্রশ্নের উত্তর ▸◂

ক. মহানবি হযরত (স)–এর সর্বকনিষ্ঠা স্ত্রীর নাম হযরত আয়িশা (রা)।

খ. ধৈর্য্য এর আরবি প্রতিশব্দ 'সবর'। যার অর্থ ধৈর্য্য, সহিষ্ণুতা, দৃঢ়তা, আত্মনিয়ন্ত্রণ, বিরত থাকা ইত্যাদি। ইসলামি পরিভাষায় জীবনের সবৰেত্রে মহান আলৱাহর ওপর ভরসা করে সহিষ্ণুতার সাথে আলৱাহর বিধান মোতাবেক সকল কর্তব্য পালন করাকে ধৈর্য্য বলে।

গ. উদ্দীপকে ইসলামি ভ্রাতৃত্বের কথা বলা হয়েছে।

ইসলামের দৃষ্টিতে সকল মানুষ সমান। আলৱাহ ও রাসুলের প্রতি বিশ্বাস স্থাপন করার পর বিশ্বের সকল মুসলমান পরস্পরের ভাই। উদ্দীপকের মধ্যেও একথার ইঙ্গিত করে বলা হয়েছে যে, ইসলামি ভ্রাতৃত্ব এতই সুদৃঢ় যে, আলৱাহর রাসুল (স) পৃথিবীর সকল ইমানদানগণকে একটি দেহের সাথে তুলনা করেছেন। দেহের কোনা একটি অঙ্গো অসুখ হলে যেমন পুরো দেহ অসুস্থ হয়ে পড়ে, তেমনি পৃথিবীর কোনো এক প্রান্তে একজন মুসলিম বিপদে পতিত হলে সকল মুসলমানের অন্তর ব্যথিত হয়। যদি কখনো পরস্পরের মধ্যে কোনো কলহ সৃষ্টি হয় তখন অপর মুসলমান ভাইয়েরা তা মিটিয়ে দিয়ে শান্তি প্রতিষ্ঠা করবে। আলৱাহ তায়ালা বলেন–

"নিশ্চয়ই মুমিনগণ ভাই ভাই।" (আল–হুজুরাত, আয়াত ১০)। আর এটিই ইসলামি ভ্রাতৃত্ব।

ঘ. "জন্মসূত্রে আবদ্ধ না হয়েও এমন ভ্রাতৃত্ব মানব ইতিহাসে বিরল" –উক্তিটি যথার্থ। উদ্দীপকে ইসলামি ভ্রাতৃত্বের অপূর্ব নিদর্শন মুহাজির ও আনসারি সাহাবিদের ভ্রাতৃত্ব নিদর্শন সম্পর্কে এ উক্তি করা হয়েছে।

মহানবি হযরত মুহাম্মদ (স) মক্কা হতে হিজরত করে আসা মুহাজির ও মদিনায় বসবাসকারী আনসারদের মধ্যে ভ্রাতৃত্ব বন্ধন তৈরি করেছিলেন। ভ্রাতৃত্ব বন্ধন অটুট রাখার জন্য মহানবি মসজিদে নববিকে মিলনকেন্দ্র বানিয়ে দিলেন। এ ভ্রাতৃত্ব শুধু মুখে মুখে ছিল না বরং মুহাজিরদেরকে আনসারদের সম্পত্তির উত্তরাধিকারী বানিয়ে দিলেন। তিনি হযরত আনাস ইবনে মালিকের ঘরে যেদিন এ ভ্রাতৃত্ববন্ধন তৈরি করেছিলেন ঐ দিন ঐ গৃহে মোট ৯০ জন সাহাবি ছিলেন। তাদের অর্ধেক ছিল মুহাজির আর বাকি অর্ধেক ছিল আনসার। সম্পত্তিতে মুহাজিরদের উত্তরাধিকার বিধানটি বদর যুদ্ধ পর্যন্ত বলবৎ ছিল। জন্মসূত্রে আবদ্ধ না হয়ে এমন ভ্রাতৃত্ববন্ধন মানব ইতিহাসে খুঁজে পাওয়া কঠিন।

সৃজনশীল প্রশ্নব্যাংক

প্রশ্ন–১৫ ▸ 'ক' জেলার প্রশাসক দায়িত্ব পাওয়ার পর একের পর এক জনকল্যাণমূলক কাজ করতে থাকেন। রাস্তাঘাট নির্মাণ, বিদ্যালয় প্রতিষ্ঠা ইত্যাদি করে তিনি সুনাম অর্জন করেন। প্রশাসক হয়েও তিনি অনাড়ম্বর জীবনযাপন করেন। দলমত নির্বিশেষে সব ধর্মের মানুষের প্রতি তার বন্ধুত্বপূর্ণ ব্যবহার পরিলক্ষিত হয়।

ক. বনু মুস্তালিক যুদ্ধ কত হিজরিতে সংঘটিত হয়? ১

খ. ইফকের ঘটনা ব্যাখ্যা কর। ২

গ. জনাব আব্দুল হামিদের জীবনের সাথে কোন মনীষীর জীবনযাপন সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত মনীষীর চরিত্র ও কৃতিত্ব বিশেৱষণ কর। ৪

প্রশ্ন–১৬ ▸ মাসুমা সর্বদা শালীনতা বজায় রেখে চলে। কিছু দুষ্ট লোক তার পরিবারকে হেয় করার জন্য তার চরিত্র নিয়ে অপবাদ দেয়। পরবর্তীতে মাসুমা নির্দোষ প্রমাণিত হয়। পৰান্তরে; তানিয়া অশালীন চলাফেরা করে এবং পাড়ার বন্ধুদের সাথে তার সখ্যতার শেষ নেই। তাকে কেউ দোষারোপ করতে সাহস করে না।

ক. কোন মাসে মক্কা বিজয় হয়? ১

খ. উমর ইবনে আব্দুল আজিজকে কেন উমাইয়া সাধু বলা হয়? ২

গ. মাসুমার ঘটনার সাথে কোন মহিয়সী নারীর ঘটনার মিল আছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তানিয়ার কার্যক্রমের কুফল পাঠ্যবইয়ের আলোকে মূল্যায়ন কর। ৪

অনুশীলনের জন্য দক্ষতাস্তরের প্রশ্ন ও উত্তর

◘ জ্ঞানমূলক

প্রশ্ন ॥ ১ ॥ হযরত সুলায়মান (আ) কে ছিলেন?

উত্তর : বিখ্যাত নবি হযরত সুলায়মান (আ) ছিলেন হযরত দাউদ (আ)–এর পুত্র।

প্রশ্ন ॥ ২ ॥ হযরত সুলায়মান (আ) কীভাবে নবুয়ত পান?

উত্তর : হযরত দাউদ (আ)–এর ইন্তিকালের পর হযরত সুলায়মান (আ)–কে আল্লাহ তায়ালা নবুয়ত ও রাজত্ব দান করেন।

প্রশ্ন ॥ ৩ ॥ হযরত সুলায়মান (আ)–কে কী জ্ঞান দেয়া হয়েছিল?

উত্তর : আলাহ তায়ালা সুলায়মান (আ)–কে পশুপাখির কথা বুঝার জ্ঞান দিয়েছিলেন।

প্রশ্ন ॥ ৪ ॥ প্রাচীনকালে মিসরের বাদশাহদের কী বলা হতো?

উত্তর : প্রাচীনকালে মিসরের বাদশাহদের, বলা হতো ফিরআউন।

প্রশ্ন ॥ ৫ ॥ হযরত মুসা (আ)-এর আমলের ফিরআউনের নাম কী ছিল?

উত্তর : মুসা (আ)–এর আমলের ফিরআউনের নাম ছিল ওয়ালিদ।

প্রশ্ন ॥ ৬ ॥ স্বপ্নের ব্যাখ্যা শুনে ফিরআউন কী নির্দেশ দিল?

উত্তর : স্বপ্নের ব্যাখ্যা শুনে ফিরআউন রাজ্যময় সৈন্যদের পাহারা নিযুক্ত করল এবং জন্মগ্রহণকারী সব ইসরাঈলি শিশুপুত্রকে হত্যা করার নির্দেশ দিল।

প্রশ্ন ॥ ৭ ॥ হযরত মুসা (আ)-এর মা সিন্দুকটি কোথায় ভাসিয়ে দিলেন?

উত্তর : মুসা (আ)–এর মা ফিরআউনের ভয়ে শিশু মুসাকে একটি সিন্দুকে ভরে আল্লাহর নাম নিয়ে নদীতে ভাসিয়ে দিলেন।

প্রশ্ন ॥ ৮ ॥ সিন্দুকটি ভাসতে ভাসতে কোথায় গিয়ে ভিড়ল?

উত্তর : সিন্দুকটি ভাসতে ভাসতে ঘটনাক্রমে নদীর তীরস্থ ফিরআউনের প্রাসাদের ঘাটে গিয়ে ভিড়ল।

প্রশ্ন ॥ ৯ ॥ হযরত মুসা (আ) কার কোলে লালিত পালিত হতে লাগলেন?

উত্তর : হযরত মুসা (আ) ফিরআউনের স্ত্রী আসিয়ার কোলে লালিত-পালিত হতে লাগলেন।

প্রশ্ন ॥ ১০ ॥ হযরত মুসা (আ) কার দুধ পান করেছিলেন?

উত্তর : হযরত মুসা (আ) তাঁর মায়ের দুধই পান করেছিলেন।

প্রশ্ন ॥ ১১ ॥ হযরত মুসা (আ) হিজরত করে কোথায় চলে যান?

উত্তর : হযরত মুসা (আ) মিসর থেকে হিজরত করে মাদইয়ান চলে যান।

প্রশ্ন ॥ ১২ ॥ হযরত মুসা (আ) কোথায় নবুয়তপ্রাপ্ত হন?

উত্তর : হযরত মুসা (আ) তুর পাহাড়ের পাদদেশে 'তুয়া' নামক পবিত্র উপত্যকায় নবুয়তপ্রাপ্ত হন।

প্রশ্ন ॥ ১৩ ॥ হযরত ঈসা (আ) কোথায় জন্মগ্রহণ করেন?

উত্তর : হযরত ঈসা (আ) ফিলিস্তিনের 'বাইত লাহম' (বেথেলহাম) নামক গ্রামে জন্মগ্রহণ করেন।

প্রশ্ন ॥ ১৪ ॥ হযরত ঈসা (আ) কার গর্ভে জন্মগ্রহণ করেন।

উত্তর : হযরত ঈসা (আ) মারিয়ামের গর্ভে জন্মগ্রহণ করেন।

প্রশ্ন ॥ ১৫ ॥ হযরত ঈসা (আ)-এর মুজিজা কী ছিল?

উত্তর : হযরত ঈসা (আ)-এর মুজিজা ছিল মৃতকে জীবিত করা, কুষ্ঠ রোগ ভালো করা, জন্মান্ধকে চক্ষুদান করা ইত্যাদি।

প্রশ্ন ॥ ১৬ ॥ কত হিজরিতে মক্কা বিজয় হয়েছিল?

উত্তর : অষ্টম হিজরি সনের রমযান মাসে মক্কা বিজয় হয়েছিল।

প্রশ্ন ॥ ১৭ ॥ কত হিজরিতে বিদায় হজ অনুষ্ঠিত হয়?

উত্তর : দশম হিজরিতে বিদায় হজ অনুষ্ঠিত হয়।

প্রশ্ন ॥ ১৮ ॥ হযরত আয়িশা (রা) কে ছিলেন?

উত্তর : উম্মুল মুমিনীন হযরত আয়িশা (রা) ছিলেন মহানবি (সা) এর সর্বকনিষ্ঠ সহধর্মিণী এবং হযরত আবু বকর (রা)-এর কন্যা।

প্রশ্ন ॥ ১৯ ॥ হযরত আয়িশা (রা)-এর জ্ঞান কেমন ছিল?

উত্তর : হযরত আয়িশা (রা) ছিলেন অত্যন্ত বিচক্ষণ, বুদ্ধিমতি, অসাধারণ জ্ঞান ও পান্ডিত্যের অধিকারিণী।

প্রশ্ন ॥ ২০ ॥ হযরত আয়িশা (রা)-এর চরিত্র কেমন ছিল?

উত্তর : হযরত আয়িশা (রা) ছিলেন পুতপবিত্র চরিত্রের অধিকারিণী।

প্রশ্ন ॥ ২১ ॥ হযরত আয়িশা (রা) কত সনে ইন্তিকাল করেন।

উত্তর : ৫৮ হিজরি সনের ১৭ই রমযান মোতাবেক ৬৭৮ খ্রিষ্টাব্দের ১৩ই জুলাই হযরত আয়িশা (রা) ইন্তিকাল করেন।

প্রশ্ন ॥ ২২ ॥ হযরত উমর ইবনে আব্দুল আজিজ (র) কত হিজরিতে জন্মগ্রহণ করেন?

উত্তর : হযরত উমর ইবনে আব্দুল আজিজ (র) ৬১ হিজরিতে জন্মগ্রহণ করেন।

প্রশ্ন ॥ ২৩ ॥ হযরত উমর ইবনে আব্দুল আজিজ (র) কোন বংশে জন্মগ্রহণ করেন?

উত্তর : হযরত উমর ইবনে আব্দুল আজিজ (র) উমাইয়া বংশে জন্মগ্রহণ করেন।

প্রশ্ন ॥ ২৪ ॥ শিক্ষা সম্পর্কে হযরত উমর ইবনে আব্দুল আজিজ (র)-এর অভিমত কী?

উত্তর : শিৰ সম্পর্কে উমর ইবনে আব্দুল আজিজ (র)-এর অভিমত হলো : শিক্ষাই জাতির মেরুদন্ড।

প্রশ্ন ॥ ২৫ ॥ উমাইয়া সাধু কাকে বলা হয়?

উত্তর : হযরত উমর ইবনে আব্দুল আজিজ (র)-এর কে উমাইয়া সাধু বলা হয়।

প্রশ্ন ॥ ২৬ ॥ হযরত রাবেয়া বসরি (র)-এর জন্মস্থান কোথায়?

উত্তর : হযরত রাবেয়া বসরি (র)-এর জন্মস্থান ইরাকের বসরা নগরীতে।

প্রশ্ন ॥ ২৭ ॥ চার বোনের মধ্যে রাবেয়া কততম?

উত্তর : চার বোনের মধ্যে হযরত রাবেয়া বসরি (র) চতুর্থ ছিলেন।

প্রশ্ন ॥ ২৮ ॥ হযরত রাবেয়া বসরি (র) কত খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন?

উত্তর : হযরত রাবেয়া বসরি (র) ৭১৭ খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন।

◘ অনুধাবনমূলক ---------- //

প্রশ্ন ॥ ১ ॥ হযরত সুলায়মান (আ) কীভাবে মৃত্যুবরণ করেন?

উত্তর : হযরত সুলায়মান (আ) বায়তুল মুকাদ্দাস নির্মাণ করেছিলেন। তাঁর মৃত্যুর পূর্বে কিছু নির্মাণ কাজ অবশিষ্ট ছিল। কাজটির দায়িত্ব জিনদের ওপর ন্যস্ত ছিল। তারা সুলায়মান (আ)-এর ভয়ে কাজ করত। তারা তাঁর মৃত্যুর সংবাদ জানতে পারলে তৎক্ষণাৎ কাজ ছেড়ে দিত। ফলে নির্মাণ কাজ অসমাপ্ত থেকে যেত। সুলায়মান (আ) আল্লাহর নির্দেশে এর ব্যবস্থা এভাবে করলেন যে, মৃত্যুর পূর্বক্ষণে তিনি মৃত্যুর জন্য প্রস্তুত হয়ে তাঁর স্বচ্ছ কাঁচের নির্মিত মেহরাবে প্রবেশ করলেন। তিনি নিয়মানুযায়ী ইবাদতের উদ্দেশ্যে লাঠিতে ভর দিয়ে দাঁড়িয়ে গেলেন। যথাসময়ে তাঁর আত্মা দেহপিঞ্জির হতে বেরিয়ে গেল। কিন্তু লাঠির ওপর ভর করে তাঁর দেহ অনড় থাকায় বাইরে থেকে মনে হতো, তিনি ইবাদতেই মশগুল রয়েছেন। এমতাবস্থায় এক বছর অতিক্রান্ত হয়। এর মধ্যে বায়তুল মুকাদ্দাসের নির্মাণ কাজও সমাপ্ত হয়। অতঃপর আল্লাহর ইচ্ছায় লাঠি উঁই পোকায় খেয়ে ফেলে। এতে তাঁর দেহ মাটিতে পড়ে যায়। তখন সবাই বুঝতে পারল, তাঁর মৃত্যু হয়েছে।

প্রশ্ন ॥ ২ ॥ হযরত সুলায়মান (আ)-এর মর্যাদা বর্ণনা কর।

উত্তর : নবি হিসেবে হযরত সুলায়মান (আ)-এর বিশেষ মর্যাদা ছিল। আল্লাহ তাঁকে পশুপাখি, কীটপতঙ্গ, জীবজন্তু ও জিন-ইনসান এর ভাষা বুঝার ক্ষমতা দিয়েছিলেন। তিনি ছিলেন সুবিশাল রাজ্যের রাজা। খুব দ্রবত যাতায়াত করার জন্য মহান আলৱাহ তাঁকে বাতাসে ভর করে চলাচল করার ৰমতা দান করেছিলেন। তাছাড়া আলৱাহ তায়ালা জিনদের মধ্য হতে একদলকে হযরত সুলায়মান (আ)-এর অধীন করে দেন।

প্রশ্ন ॥ ৩ ॥ হযরত মুসা (আ) কীভাবে বিবাহ করেন?

উত্তর : একদা হযরত মুসা (আ) দেখতে পেলেন একজন কিবতি জনৈক ইসরাঈলিকে অত্যাচার করছে। তিনি অত্যাচারিত লোকটিকে বাঁচানোর জন্য অত্যাচারী কিবতি লোকটিকে একটি ঘুষি মারলেন। এতে লোকটি মারা যায়। হযরত মুসা (আ) হতবাক হয়ে যান এবং ফিরআউনের ভয়ে মিসর ত্যাগ করে মাদইয়ানে হিজরত করেন। সেখানে হযরত শুআইব (আ)-এর সাথে তাঁর সাক্ষাৎ হয়। হযরত মুসা (আ) তাঁর সান্নিধ্যে দশ বছর অতিবাহিত করেন। হযরত শুআইব (আ) তাঁর কর্মদক্ষতা, চারিত্রিক মাধুর্যে মুগ্ধ হয়ে তাঁর জ্যেষ্ঠ কন্যা সফুরাকে তাঁর সাথে বিবাহ দেন।

প্রশ্ন ॥ ৪ ॥ হযরত মুসা (আ) কীভাবে ফিরআউনের ঘরে লালিত-পালিত হন?

উত্তর : এক সংকটময় মুহূর্তে হযরত মুসা (আ) জন্ম নিলেন। ফিরআউনের লোকেরা এ খবর জানতেও পারল না। মুসা (আ)-এর মা ফিরআউনের ভয়ে শিশু মুসাকে সিন্দুকে ভরে আল্লাহর নাম নিয়ে নদীতে ভাসিয়ে দিলেন। সিন্দুকটি ভাসতে ভাসতে ঘটনাক্রমে নদীর তীরস্থ ফিরআউনের প্রাসাদের ঘাটে গিয়ে ভিড়ল। ফুটফুটে শিশুকে দেখে ফিরআউনের নিঃসন্তান ও পুণ্যবতী স্ত্রী 'আসিয়া' (আ) কোলে তুলে নিলেন এবং লালন-পালন করতে লাগলেন। শিশু মুসা অন্য কারও দুধ পান না করায় তাঁর মাকেই ধাত্রী নিয়োগ করা হলো। আল্লাহ পাকের অসীম কুদরতে মুসা (আ) এভাবে ফিরআউনের ঘরে লালিত-পালিত হতে লাগলেন।

প্রশ্ন ॥ ৫ ॥ হযরত ঈসা (আ) পুনরায় দুনিয়াতে আগমন করবেন কেন?

উত্তর : শেষ যামানায় কিয়ামতের পূর্বে হযরত ঈসা (আ) পুনরায় দুনিয়াতে আগমন করবেন। এ সময় তিনি ৪৫ বছর পৃথিবীতে অবস্থান করবেন। মিথ্যা আল্লাহ দাবিদার দাজ্জালকে হত্যা করবেন। জিযিয়া প্রথা তুলে দিবেন, ক্রুশ ভেঙ্গে ফেলবেন, শূকর মেরে ফেলবেন। আল্লাহর বিধিবিধান অনুসারে রাষ্ট্র পরিচালনা করে দুনিয়াতে ন্যায়বিচার ও শান্তি প্রতিষ্ঠা করতে তিনি পুনরায় দুনিয়াতে আগমন করবেন। ঈসা (আ) মহানবি (স)-এর দীন প্রচার করবেন। এরপর তিনি স্বাভাবিকভাবে মৃত্যুবরণ করবেন।

প্রশ্ন ॥ ৬ ॥ মহানবি (স) কীভাবে মক্কায় প্রবেশ করলেন? বর্ণনা কর।

উত্তর : হিজরি অষ্টম বছরের রমযান মাসে দশ হাজার সাহাবি নিয়ে মহানবি (স) মক্কা অভিমুখে যাত্রা করেন। মহানবি (স) মক্কার অদূরে 'মাররধজ জাহরান' নামক স্থানে তাঁবু গেড়ে অবস্থান নেন। অপ্রত্যাশিতভাবে উপনীত এ বিশাল বাহিনী দেখে আবু সুফিয়ানসহ মক্কাবাসী হতবাক হয়ে যায়। তারা বাধা দেওয়ার সাহস হারিয়ে ফেলে। বিনা বাধায় মহানবি (স) জন্মভূমি মক্কা জয় করেন। বিজয়ী বীর বেশে তিনি জন্মভূমি মক্কায় প্রবেশ করেন।

প্রশ্ন ॥ ৭ ॥ মহানবি (স) কীভাবে মুহাজির এবং আনসারদের মধ্যে ভ্রাতৃত্ববন্ধন তৈরি করেছিলেন? বর্ণনা কর।

উত্তর : মহানবি হযরত মুহাম্মদ (স) মক্কা হতে হিজরত করে আসা মুহাজির ও মদিনায় বসবাসকারী আনসারদের মধ্যে ভ্রাতৃত্ব বন্ধন তৈরি করেছিলেন। ভ্রাতৃত্ব বন্ধন অটুট রাখার জন্য মহানবি (স) মসজিদে নববিকে মিলনকেন্দ্র বানিয়ে দিয়েছিলেন। এ ভ্রাতৃত্ব শুধু মুখে মুখে ছিল না বরং মুহাজিরদেরকে আনসারদের সম্পত্তির উত্তরাধিকারী বানিয়ে দিয়েছিলেন। তিনি হযরত আনাস ইবনে মালিকের (রা) ঘরে যে দিন এ ভ্রাতৃত্ব বন্ধন তৈরি করেছিলেন ওই দিন ওই গৃহে মোট ৯০ জন সাহাবি ছিলেন। তাঁদের অর্ধেক ছিল মুহাজির আর বাকি অর্ধেক ছিল আনসার।

প্রশ্ন ॥ ৮ ॥ হযরত আয়িশা (রা)–এর পরিচয় দাও।

উত্তর : উম্মুল মুমিনীন হযরত আয়িশা (রা) ছিলেন মহানবি (স)–এর সর্বকনিষ্ঠ সহধর্মিণী। তিনি ছিলেন ইসলামের প্রথম খলিফা হযরত আবু বকর (রা)–এর কন্যা। তাঁর মাতার নাম ছিল উম্মে রুম্মান। হিজরতের পূর্বে ৬১৩ মতান্তরে ৬১৪ খ্রিষ্টাব্দে মক্কায় তাঁর জন্ম হয়।

প্রশ্ন ॥ ৯ ॥ হযরত আয়িশা (রা)–এর গুণাবলি বর্ণনা কর।

উত্তর : হযরত আয়িশা (রা)–এর চরিত্র ও আদর্শ অতুলনীয়। তিনি তাঁর চারিত্রিক গুণাবলির দ্বারা সকলের কাছে গ্রহণযোগ্য হয়েছিলেন। তাঁর মধ্যে বহুগুণের সমন্বয় ঘটেছিল। তিনি ছিলেন অত্যন্ত সুন্দরী, তীক্ষ্ণ মেধাশক্তিসম্পন্ন, সত্যের সাধক, আদর্শ স্বামীসেবিকা, জ্ঞানতাপস, সদালাপী। এককথায় মানবীয় চরিত্রের সকল গুণাগুণ তাঁর মধ্যে বিদ্যমান ছিল।

প্রশ্ন ॥ ১০ ॥ হযরত উমর ইবনে আব্দুল আজিজ (র)–এর পরিচয় বর্ণনা কর।

উত্তর : হযরত উমর ইবনে আব্দুল আজিজ ৬১ হিজরি সনে উমাইয়া বংশে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম আব্দুল আজিজ। মাতা হলেন দ্বিতীয় খলিফা হযরত উমর (রা)–এর পৌত্রী উম্মু আসিম লায়লা। তিনি একজন উমাইয়া খলিফা ছিলেন। তাঁকে 'দ্বিতীয় উমর' ও ইসলামের 'পঞ্চম খলিফা' বলা হয়।

প্রশ্ন ॥ ১১ ॥ হযরত রাবেয়া বসরি (র) কীভাবে জীবনযাপন করতেন?

উত্তর : হযরত রাবেয়া বসরি (র) সদাসর্বদা সহজ–সরল জীবনযাপন করতেন। তিনি উচ্চাভিলাষী ছিলেন না। তিনি সর্বদা নিজেকে খুব তুচ্ছ মনে করতেন। বেশি বেশি আল্লাহর নিকট ক্ষমা চাইতেন। সর্বদা আন্তরিকভাবে আল্লাহর নিকট তাওবা (অনুশোচনা) করতেন। তিনি বলতেন, 'মুখে মিথ্যা তাওবা করে কী লাভ যদি কাজে তা প্রমাণ পাওয়া না যায়। তিনি সর্বদা আল্লাহর একজন শোকরগুজার বান্দা ছিলেন। খেয়ে–না খেয়ে, দুঃখে–কষ্টে সর্বাবস্থায় তিনি আল্লাহর কৃতজ্ঞতা জ্ঞাপন করতেন।